গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ক্রয় ও সংগ্রহ অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৬৫.০৩২.০২.০০.০০২.২০১৫-২৮০ তারিখ: ২০-১০-২০১৯ খ্রি:

বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগ এর অধীন ৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচি (4th HPNSP) আওতায় "নন-কমিউনিক্যাল ডিজিজ কন্ট্রোল (এনসিডিসি)" শীর্ষক অপারেশনাল প্ল্যানের আওতায় ২০১৯-২০ অর্থবছরে ০১টি গাড়ী (পিকআপ) ক্রয়ে অর্থ বিভাগের সম্মতি প্রদান।

সূত্র:অর্থ বিভাগের স্মারক নং-০৭.১০৪.০১৪.২৭১১.১৫০.২০১৭-৩৯, তাং-১০ অক্টোবর, ২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রে অর্থ বিভাগের সম্মতির প্রেক্ষিতে ৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচির আওতায় নন-কমিউনিক্যাবল ডিজিজ কন্ট্রোল (এনসিডিসি) ওপির অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরে ০১টি গাড়ী (পিকআপ) অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগের যানবাহন ক্রয়ের দর সংক্রান্ত পত্র ০৭.১৫৬.০২৬.০০.০১.২০০৪ (অংশ-১)-৫২৫ তারিখ ১১-১০-২০১৮ অনুসারে (১টি পিকআপ (ডাবল কেবিন) ৪৮.০০ লক্ষ টাকা মূল্য সীমায় -রেজিস্ট্রেশন এবং সরকারের সকল ট্যাক্স ও ভ্যাটসহ) ক্রয়ে অর্থ বিভাগের প্রদত্ত শর্তে নির্দেশক্রমে স্বাস্থ্য সেবা বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

(ক) যানবাহন ক্রয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ সকল আর্থিক বিধিবিধান যথাযথভাবে পালন করতে হবে;
(খ) অর্থ বিভাগের নির্ধারিত দরের মধ্যে যানবাহন ক্রয় করতে হবে,
(গ) প্রস্তাবিত যানবাহন ক্রয়ের নিমিত্ত বাজেট বরাদ্দ নিশ্চিত করতে হবে;
(ঘ) ইতোপূর্বে প্রস্তাবিত গাড়ী ক্রয় করা হয়নি তা নিশ্চিত করতে হবে;
(ঙ) অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
(চ) অব্যয়িত অর্থ ৩০ জুন ২০২০ তারিখের মধ্যে সরকারি কোষাগারে জমা/সমর্পণ করতে হবে; এবং
(ছ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৮ জানুয়ারী ২০০৬ তারিখের সম(পরি)-স্থায়ী কমিটি/৪৪/২০০৫(অংশ-১)-৭২১ নং স্মারক অনুযায়ী টিওএন্ডই বহির্ভূত যানবাহন সরকারি পরিবহন পুলে জমাকরণ অথবা প্রয়োজনে টিওএন্ডইভুক্তকরণের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সংযুক্তি:বর্ণনামতে ০১ (এক) পাতা

(হাসান মাহমুদ)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৬৪৫

লাইন ডাইরেক্টর
নন-কমিউনিক্যাবল ডিজিজ কন্ট্রোল (এনসিডিসি)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

অনুলিপি:

১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়(মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

Letter.LD.NCDC

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ক্রয় ও সংগ্রহ অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৬৫.০৩২.১১.০০.০০১.২০১৩-২৮১ তারিখ: ২০-১০-২০১৯ খ্রি:

বিষয়: "স্বাস্থ্য সেবা বিভাগ" এর অধীন HPNSP'র আওতায় "কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি)" ওপি'র চলতি ২০১৯-২০ অর্থবছরে আরপিএ (জিওবি) খাতের প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস) এর আওতায় ৪৭টি Cross Country Vehicle (Jeep) এবং ৬০টি Ambulance ক্রয়ে অর্থ বিভাগের সম্মতি প্রদান।

সূত্র: অর্থ বিভাগের স্মারক নং-০৭.১০৪.০১৪.২৭১১.১৪৫.২০১৭-৪০, তাং-১০ অক্টোবর,২০১৯খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রে অর্থ বিভাগের সম্মতি প্রেক্ষিতে কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি) ওপির ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে আরপিএ (জিওবি) খাতের প্রকিউরমেন্ট প্লান (গুডস) এর আওতায় বরাদ্দকৃত অর্থ দ্বারা অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের ১১-১০-২০১৮ খ্রি: তারিখের ০৭.১৫৬.০২৬.০০.০১.২০০৪ (অংশ-১)-৫২৫ নং স্মারকে উল্লিখিত যানবাহন ক্রয়ের মূল্য অনুযায়ী ৪৭টি Cross Country Vehicle (Jeep) জীপ (প্রতিটি ৫৬.৮৭ লক্ষ টাকা মূল্য সীমায় রেজিস্ট্রেশন ফি এবং ট্যাক্স ও ভ্যাটসহ) এবং ৬০টি এ্যাম্বুলেন্স (এ্যাম্বুলেন্স প্রতিটি ৪২.০০ লক্ষ টাকা মূল্য সীমায় রেজিস্ট্রেশন ফি এবং ট্যাক্স ও ভ্যাটসহ) ক্রয়ে নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে স্বাস্থ্য সেবা বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

(ক) যানবাহন ক্রয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ সকল আর্থিক বিধিবিধান যথাযথভাবে পালন করতে হবে;
(খ) অর্থ বিভাগের নির্ধারিত দরের মধ্যে যানবাহন ক্রয় করতে হবে, অতিরিক্ত বরাদ্দ দাবী করা যাবে না;
(গ) প্রস্তাবিত যানবাহন ক্রয়ের নিমিত্ত বাজেট বরাদ্দের সংস্থান নিশ্চিত করতে হবে;
(ঘ) অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
(ঙ) অব্যয়িত অর্থ ৩০ জুন ২০২০ তারিখের মধ্যে সরকারি কোষাগারে জমা/সমর্পণ করতে হবে; এবং
(চ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৮ জানুয়ারী ২০০৬ তারিখের সমপরি)-স্থায়ী কমিটি/৪৪/২০০৫(অংশ-১)-৭২১ নং স্মারক অনুযায়ী টিওএন্ডই বহির্ভূত যানবাহন সরকারি পরিবহন পুলে জমাকরণ অথবা প্রয়োজনে টিওএন্ডইভুক্তকরণের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

উল্লেখ্য যে, যেহেতু "কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি)" এর ওপিতে ১০টি নৌ-এ্যাম্বুলেন্স এর উল্লেখ নেই সেহেতু প্রস্তাবিত নৌ-এ্যাম্বুলেন্স ক্রয়ে অর্থ বিভাগের অপারগতা জ্ঞাপন করা হয়। (কপি সংযুক্ত)

সংযুক্ত: বর্ণনামতে

(হাসান মাহমুদ)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৬৪৫

লাইন ডাইরেক্টর
কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি)
বিএমআরসি ভবন
স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী, ঢাকা।

অনুলিপি:

১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

\\172.17.100.141\d\Letter\LD.CBHC.doc